

শিক্ষা মন্ত্রীর দপ্তর

শিক্ষার মানের উন্নয়ন না হলে কোন উন্নয়নই টেকসই হয় না
শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি

নারায়ণগঞ্জ ৩১ মার্চ ২০২২

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি বলেছেন শিক্ষার মানের উন্নয়ন না হলে কোন উন্নয়নই টেকসই হয় না। বর্তমান সরকার শিক্ষার উন্নয়নে সর্বাধিক গুরুত্ব দিচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার প্রাথমিক পর্যায়ে প্রায় শতভাগ শিশুকে শিক্ষা কার্যক্রমের আওতায় নিয়ে আসতে সক্ষম হয়েছে। এখন সরকার শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে কাজ করছে। এ লক্ষ্যে কারিকুলাম পরিবর্তনের কাজ চলমান রয়েছে।

জ্ঞান, দক্ষতা ও মূল্যবোধের ভিত্তিতে কারিকুলাম প্রণয়ন করা হচ্ছে। তিনি বলেন আগামীতে শিক্ষার মানোন্নয়নে মেগা প্রকল্প গ্রহণ করা হবে। মন্ত্রী আজ নারায়ণগঞ্জের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ভবন উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে এসব কথা বলেন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোঃ জাকির হোসেন, নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের মেয়র সেলিনা হায়াৎ আইভী প্রমুখ।

বঙ্গবন্ধুর শিক্ষা ভাবনা সম্পর্কে বলতে গিয়ে শিক্ষামন্ত্রী বলেন বঙ্গবন্ধু কেমন তৈরীর শিক্ষা ব্যবস্থা চাননি। তিনি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় গুরুত্ব দিয়েছিলেন। বর্তমান সরকার কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় সর্বাধিক গুরুত্বারোপ করছে। শিক্ষামন্ত্রী বলেন বিশ্ব ব্যবস্থায় আমাদের সন্তানেরা কতটা অবদান রাখবে তা নির্ভর করবে বিশ্বব্যবস্থার সাথে তাল মিলিয়ে আমরা আমাদের শিক্ষা ব্যবস্থায় কতটা পরিবর্তন নিয়ে আসতে পারবো তারপর উপর।

এ সময় শিক্ষা মন্ত্রী নারায়ণগঞ্জ বন্দর উপজেলার কদম শরীফ বালিকা উচ্চ বিদ্যালয় ও নারায়ণগঞ্জ চারুকলা ইন্সটিটিউট এর ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং ৪৭ নং লালমিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়লয়ের ভবন উদ্বোধন করেন।

এম এ খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮